গাংনীতে জাতীয় কন্যাশিশু দিবসের আলোচনা সভা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত

“সময়ের অঙ্গীকার কন্যশিশুর অধিকার” এই শ্লোগানকে সামনে নিয়ে গাংনীতে দি হাঙ্গার প্রজেক্ট ও জাতীয় কন্যাশিশু অ্যাডভেকেসি ফোরামের আয়োজনে জাতীয় কন্যাশিশু দিবস ২০২২ উদযাপন উপলক্ষে আলোচনা সভা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার (২৬ অক্টোবর) গাংনী উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে আয়োজিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জাতীয় কন্যাশিশু অ্যাডভোকেসি ফোরাম মেহেরপুর জেলা শাখার সভাপতি মোঃ সিরাজুল ইসলাম।

আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা চেয়ারম্যান এম এ খালেক।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন গাংনী উপজেলা মহিলা বিষয়ক অফিসার মোছাঃ নাসিমা খাতুন।

দি হাঙ্গার প্রজেক্ট গাংনী অফিসের এলাকা সমন্বয়কারী মোঃ হেলাল উদ্দিনের সঞ্চালায় অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন করমদি কলেজের প্রভাষক আবু সাদাত মোঃ সায়েম পল্টু, গাংনী পৌর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ মমিনুল হক, বিশিষ্ট সমাজ সেবক ও সংগীত শিল্পী মোঃ আজিজুল হক রানু প্রমূখ।

আলোচনা শেষে দুটি মাধ্যমিক বিদ্যালয়ের বিজয়ী ১২জন শিক্ষার্থীদের মাঝে পুরস্কার বিতরণী করা হয়।